



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/ ২৬০২/৫

তারিখ: ২৭.১০.২০১৯খ্রি.

**বিষয়: বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে**

সূত্র:

১. নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৬/৫; তারিখ: ১৮/০৩/২০১৯ খ্রি.
২. নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৮৩/৫; তারিখ: ১১.০৭.২০১৯ খ্রি.
৩. উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.৪৪.৪১৬১.০০০.১১.০১৬.২০১৯-৯৫৭; তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রি.
৪. নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৯৫/৫; তারিখ: ২৪/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আব্দুস সালাম এর সাময়িক বরখাস্ত বিষয়ে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং- ১১০৩/২০১৮ এর আদেশ বাস্তবায়নের লক্ষ্যে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে চাকুরীতে পুনর্বহাল করার জন্য বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ অভিযোগ করেন যে গত ০৬/০৪/২০১৯ খ্রি. তারিখে মাদ্রাসায় গভার্ণিং বডির সভায় অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালামকে পুনর্বহালের সিদ্ধান্ত নিয়ে ডাকমারফত পত্র প্রেরণ করা হয় কিন্তু তিনি সাময়িক বরখাস্ত হবার পর থেকে প্রতিষ্ঠানে থাকেন না এবং তার পরিবার মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্র গ্রহণ করেন নাই মর্মে অভিযোগে উল্লেখ করেন। অভিযোগের প্রেক্ষিতে অভিযোগ বিষয়ে অভিযোগের কপি সংযুক্ত করে অধ্যক্ষ জনাব আব্দুস সালাম এর অবস্থান বিষয়ে বক্তব্য ও মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক জনাব আব্দুস সালামের পুনর্বহালের পদক্ষেপ এবং অধ্যক্ষ জনাব আব্দুস সালামের ভূমিকা বিষয়ে সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোরকে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম ৭/৮ মাস যাবৎ এলাকায় থাকেন না, সুনির্দিষ্টভাবে কোথায় আছেন তা জানা যায়নি তবে এলাকায় নেই সেটা নিশ্চিত। মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে স্বপদে বহালের পদক্ষেপ গ্রহণ করলেও মামলার কারণে পালিয়ে থাকায় তিনি মাদ্রাসায় আসেন না মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন।

পরবর্তীতে তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত করে বোর্ড কর্তৃক তাঁকে পুনর্বহালের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষের নিকট প্রেরিত সূত্রোক্ত ১ নং স্মারকের পত্রটি কেন প্রত্যাহার করা হবে না সে বিষয়ে সূত্রোক্ত ৪ নং স্মারকের প্রেরিত পত্রে কারণ দর্শানো হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষের দাখিলকৃত জবাব এবং তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের বক্তব্যে বিষয়টি অত্যন্ত জটিল মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে উভয় পক্ষের শুনানী গ্রহণ করার নিমিত্তে আগামী ১৪.১১.২০১৯ খ্রি. তারিখে রোজ: বৃহস্পতিবার সকাল ০৯.০০ ঘটিকায় বোর্ডে স্বশরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রা;

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

১) অধ্যক্ষ/সভাপতি, রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা

রাজগঞ্জ, মণিরামপুর, যশোর;

২) অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা

মোবারকপুর, মণিরামপুর, যশোর;

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/ ২৬০২/৫

তারিখ: ২৭.১০.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর;
৩. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৪. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪